# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ তৃতীয় অধ্যায় - বৈপরীত্য

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৩. ৭. ১১. একজন শিষ্য কবরে ঢুকলেন না দুজন?

উপরের উদ্ধৃতিগুলোর মধ্যে আমরা আরো অনেক বৈপরীত্য দেখছি। লূকের বর্ণনায় মহিলারা সকল প্রেরিত ও অন্যান্য শিষ্যকে সংবাদ দেন। আর যোহনের বর্ণনায় তিনি শুধু দুজনকে সংবাদ দেন। তিন ইঞ্জিলের বর্ণনায় মহিলারা যীশুর পুনরুত্থানের বিষয় নিশ্চিত হয়ে শিষ্যদের কাছে যান। আর যোহনের বর্ণনায় তাঁরা লাশ চুরি হওয়ার আতঙ্ক নিয়ে দুজন শিষ্যের কাছে গমন করেন। লূকের বর্ণনায় মহিলাদের মুখে যীশুর পুনরুত্থানের সংবাদ পেয়ে একজন পুরুষ শিষ্য কবর দেখতে আসেন। আর যোহনের বর্ণনায় মহিলাদের মুখে লাশ চুরির খবরে দুজন শিষ্য কবরে প্রবেশ করেন।

Source — https://www.hadithbd.com/books/link/?id=14073

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন